# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ★ মি. বার্টল্যান্ড ক্লাসে শিক্ষার্থীদের উদ্দেশ্যে যে বিষয় নিয়ে আলোচনা করলেন তাতে বোঝা গেল বিষয়টি পদ্ধতিগত সমাধান প্রক্রিয়া, সামগ্রিক দৃষ্টিভঙ্গি পোষণ, সাহায্যকারী ও সক্ষমকারী পেশা, কর্মী-সাহায্যপ্রার্থী সম্পর্ক বজায় রেখে কার্যক্রম পরিচালনা করে। তিনি বললেন, "এটা হলো এমন কতগুলো উপাদানের সম্পর্ক, যাদের সমবেত অবদান এ বিষয়টিকে অন্যান্য যেকোনো পেশা হতে স্বতন্ত্র মর্যাদা দান করেছে।"

ক. কে সমাজকর্মকে কলা, বিজ্ঞান ও পেশা হিসেবে আখ্যায়িত করেছেন? ১

খ. সমাজকর্ম শিক্ষার কয়টি অংশ ও কী কী? ২

গ. মি. বার্কল্যান্ড কোন বিষয় নিয়ে আলোচনা করেছিলেন? উদ্দীপকের আঙ্গিকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "এটা হলো এমন কতগুলো উপাদানের সম্পর্ক, যাদের সমবেত অবদান ও বিষয়টিকে অন্য যেকোনো পেশা হতে স্বতন্ত্র মর্যাদা দান করেছে।"- উক্তিটি উদ্দীপক ও পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২. ★ ১৯৪১ সাল সংঘটিত হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধ। এর প্রভাবে ভেঙে পড়ে 'ক' দেশের আর্থ-সামাজিক অবস্থা। সৃষ্টি হয় নতুন নতুন সমস্যার। ফলে 'ক' দেশের সমাজসেবা কর্মসূচির আমূল সংস্কার সাধন জরুরি হয়ে পড়ে। এরই প্রেক্ষিতে ১৯৪২ সাল উক্ত দেশের জন্য গুরুত্বপূর্ণ। কারণ অভাব ও দারিদ্র্য হতে 'ক' দেশের সমাজজীবনকে মুক্ত করার লক্ষ্য নিয়ে ১৯৪২ সালে একটি রিপোর্ট পেশ করা হয় যেখানে জনগণের অগ্রগতির পাঁচটি অন্তরায়ের কথা বিশেষ নামে ব্যবহার করা হয়েছে। পরবর্তীতে এ রিপোর্টের উপর ভিত্তি করেই 'ক' দেশ কল্যাণমুখী রাষ্ট্রের মর্যাদা লাভ করে এবং উক্ত দেশের সামাজিক নিরাপত্তার মূল কাঠামো গড়ে উঠেছে।

ক. ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশনের সভাপতি কে ছিলেন? ১

খ. "ইংল্যান্ডে দরিদ্র হয়ে জন্ম, নেওয়াটা পাপ"— বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকে পাঁচটি অন্তরায়ের কথা যে বিশেষ নামে ব্যবহার করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'রিপোর্টের উপর ভিত্তি করেই 'ক' দেশ কল্যাণমুখী রাষ্ট্রের মর্যাদা লাভ করে এবং উক্ত দেশের সামাজিক নিরাপত্তার মূল কাঠামো গড়ে উঠেছে'-একমত থাকলে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩. ▶ শিল্পায়ন, নগরায়ণ ও স্থানান্তর এ তিনটি বিষয়ই একটি যুগের প্রভাব। এই যুগান্তকারী ঘটনা মানব সভ্যতাকে সরাসরি সীমারেখা টেনে এক করেছে। এ ঘটনা একটি নির্দিষ্ট সময়ে সুদূরপ্রসারী ও দীর্ঘসময়ব্যাপী সামাজিক পরিবর্তন এনে উৎপাদন ব্যবস্থা, অর্থনীতি, রাজনীতি, সংস্কৃতি এবং সার্বিক চিন্তাধারায় আমূল পরিবর্তন আনে। এ পরিবর্তন মানুষকে বেগের মধ্যে রেখে আবেগ কেড়ে দিয়েছে। ফলেই মানবজীবনে এ পরিবর্তন অবিমিশ্র আশীর্বাদ নয়।

https://teachingbd24.com

ক. কে "শিল্পবিপ্লব" প্রত্যয়টির নামকরণ করেন? ১
খ. যান্ত্রিক পদ্ধতির প্রয়োগ বলতে কী বোঝায়? বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকের যুগান্তকারী ঘটনা কোন বিষয়টিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাবন জীবনে এ পরিবর্তন অবিমিশ্র আশীর্বাদ নয়-উদ্দীপকের এ উক্তিটির সাথে তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

৪. ★ বাংলাদেশ মধ্যম আয়ের একটি দেশ। তথাপি জনগণ অনেকক্ষেত্রে অজ্ঞতা ও অসচেতনতার মধ্যে বসবাস করছে। রয়েছে তাদের জ্ঞানের সীমাবদ্ধতা। বিপুল জনসংখ্যার এই দেশে পেশাদার সমাজকর্ম প্রয়োগের বিপুল সম্ভাবনা থাকা সত্ত্বেও একটা সংগঠনের অভাবে সমাজকর্ম পেশার মর্যাদা অর্জনে সক্ষম হয়নি। অনেক সময় সাধারণ ধারণা অনুযায়ী সমাজের জন্য কল্যাণমূলক কোনো কার্যক্রমে কেউ অংশগ্রহণ করলেই গণমাধ্যমগুলো তাকে সমাজকর্মী হিসেবে প্রচার করে।

ক. গ্রহণনীতি অর্থ কী? ১
খ. পেশাগত মূল্যবোধ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কোন সংগঠনের অভাবের কথা বলা হয়েছে এবং কেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সংগঠনের অভাবেই বাংলাদেশে সমাজকর্ম পেশার মর্যাদা অর্জনে সফল হয়নি'— তুমি কি একমত? যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪

৫. ★ মি. রমেক্স "একসেবা অদ্বিতীয়ময়" বা এক ঈশ্বরের উপাসনা বিষয়ে আলোচনার জন্য 'আত্মীয় সভা' গঠন করেন। প্রতিষ্ঠা করেন 'একেশ্বরবাদের' উপর ভিত্তি করে একটি সমাজ। কাজ করেন ধর্ম, সমাজ ও শিক্ষার বিভিন্ন বিষয় নিয়ে। গড়ে তোলেন আধুনিক চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গিসম্পন্ন এক সমাজ যেখানে মানুষ পরিণত হয় রাজনৈতিক ও সামাজিক সচেতন সম্পন্ন ব্যক্তিত্বে।

ক. Charity শব্দটি কোন শব্দ থেকে এসেছে এবং তার অর্থ কী? ১
খ. সমাজ সংস্কার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের রমেক্স-এর সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ব্যক্তিত্বের মিল খোঁজে পাবে? ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠিত সমাজ মানুষকে রাজনৈতিক ও সামাজিক সচেতন ব্যক্তিত্বে পরিণত করে। উক্তিটির সাথে তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪


৬. ▶ উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




https://teachingbd24.com

ক. দৈহিক নৃবিজ্ঞান কী নিয়ে আলোচনা করে? ১
খ. "অর্থনীতির জ্ঞান সমাজকর্মের জন্য বেশ তাৎপর্যপূর্ণ"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক কাঠামো সমাজকর্মের পেশাগত জ্ঞানের কোন ধরনের প্রয়োগকে ইঙ্গিত করে? ৩
ঘ. "বহুমুখী ও বিচিত্র ধরনের সমস্যার কার্যকর সমাধান উদ্দীপক কাঠামো জ্ঞান প্রয়োগের মাধ্যমে সম্ভব"— বিশ্লেষণ কর। ৪

৭. ★ উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. 'Civis & Civitas'-এর অর্থ কী? ১
খ. 'সংবাদপত্র হলো জাতির দর্পণ'-বিষয়টি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের কর্মপ্রক্রিয়া কোন পেশার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনমত গঠন ও সমাজকর্ম পেশার প্রচার ও প্রসারে ইঙ্গিতকৃত পেশার যথেষ্ট গুরুত্ব রয়েছে।" তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

৮. ★ মি. AT তার নির্ধারিত সমাজকর্ম ক্লাসে শিক্ষার্থীদের বললেন-আমাদের আজকের আলোচনার বিষয়টি Yellow Program এ দেখেছ। এটি একটি গতিশীল প্রক্রিয়া অর্থাৎ কোনো প্রতিষ্ঠান বা এজেন্সি নির্দিষ্ট কিছু লক্ষ্যার্জনের সঙ্গে সংশ্লিষ্ট যৌথ কর্যাবলি ও প্রচেষ্টাকে সমন্বিত, নিয়ন্ত্রিত এবং পরিচালিত করার একটি প্রক্রিয়া বা কৌশল। এর রয়েছে সূত্রকেন্দ্রিক কিছু উপাদান যেগুলো আলোচ্য বিষয়ের কার্যাবলি হিসেবে এক একটি দিকের প্রতিনিধিত্ব করছে। 'সেবাদানে' এর যথেষ্ট গুরুত্ব রয়েছে।

ক. সামাজিক কার্যক্রম হলো "প্রত্যাশিত পরিবর্তন আনয়নের জন্য সমন্বিত যৌথ প্রচেষ্টা"— উক্তিটি কার? ১
খ. গবেষণার প্রকারভেদ লেখ। ২
গ. উদ্দীপকের Yellow Program -এর নির্ধারিত বিষয়টি কী ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত "আলোচ্য বিষয়ে কার্যাবলি হিসেবে এক একটি দিকের প্রতিনিধিত্ব করছে এবং সেবাদানে এর যথেষ্ট গুরুত্ব রয়েছে"-তুমি কি একমত? পাঠ্যবইয়ের আঙ্গিকে মতামত দাও। ৪

Teachingbd24.com

৯.▶ প্রেক্ষাপট-১ শিশুদের কল্যাণে বিশেষ করে তাদের নানাবিধ সমস্যা সমাধান এবং অধিকার আদায় ও উন্নয়নে গৃহীত ব্যবস্থা পথপ্রদর্শক হিসেবে কাজ করে।
প্রেক্ষাপট-২ নারীর মানবাধিকার প্রতিষ্ঠা, বৈষম্য দূরীকরণ, কল্যাণ, অধিকার আদায় ও উন্নয়নে গৃহীত ব্যবস্থা পথপ্রদর্শক ও নির্দেশক হিসেবে কাজ করে।

ক. রিচার্ড টিটমাসের সামাজিক নীতির সংজ্ঞা দাও। ১
খ. সামাজিক-নীতিকে পরিবর্তনের ইতিবাচক হাতিয়ার বলা হয় কেন? ২
গ. প্রেক্ষাপট-১ এ কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রেক্ষাপট-২ এ গৃহীত ব্যবস্থা নারীদের প্রতিভা ও সৃজনশীল মনোভাব বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০.▶ জনাব কদম আলী জীবনমান উন্নয়নের জন্য বিদেশে যাবার নিয়তে জমি বিক্রি করে এজেন্সিকে টাকা দিয়েছিলেন। কিন্তু প্রতারক চক্রে পড়ে তিনি নিঃস্ব হয়ে পড়েন। পরবর্তীতে তিনি আত্মসচেতন হয়ে কিছু প্রশ্ন সামনে রেখে কাজে নেমে পড়েন অর্থাৎ কোন কাজ কেন, কার দ্বারা, কখন, কোথায়, কিভাবে করতে হবে তার একটি ছক তৈরি করে কাজ করেন। তিনি বিশ্বাস করেন সুনির্দিষ্ট আর্থ-সামাজিক লক্ষ্য বাস্তবায়নে নীতি ও কৌশল প্রয়োগের সুচিহ্নিত ও সুমন্বিত প্রচেষ্টা এবং ইতিবাচক বৈশিষ্ট্য থাকা প্রয়োজন। আর এর মধ্যে কোনো কাজের অর্ধেক সম্পন্ন হয় বলে ধরে নেয়া হয়।

ক. ADP-এর পূর্ণরূপ কী? ১
খ. প্রাথমিক শিক্ষাক্ষেত্রে শিক্ষার্থীদের ঝরে পড়ার সমস্যা কীভাবে সমাধান করা যায়? বুঝিয়ে বলো। ২
গ. উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষোক্ত উক্তির সাথে তোমার মতামতের সম্পর্ক আছে কি? যুক্তি দিয়ে বিশ্লেষণ কর। ৪

১১. ★ সুমন একটি প্রতিষ্ঠানে সমাজকর্মী হিসেবে চাকরি করে। সমাজকর্মে স্নাতক পাস তার বন্ধু হাসান তাকে সমাজকর্মী বলতে নারাজ। কিন্তু সমাজে সমাজকর্মী বলে তাদেরকে, যারা বেশি বেশি দান, সদকা ইত্যাদি করে। সমাজকর্ম যে পেশা, তা সমাজের অধিকাংশই জানে না। সুমন সমাজকর্মী হিসেবে চাকরি করলেও সে লেখাপড়া করেছে অর্থনীতি নিয়ে।

ক. ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে সমাজকল্যাণ কলেজ ও গবেষণা কেন্দ্র কবে চালু করা হয়? ১
খ. বাংলাদেশে সমাজকর্ম পেশার বিকাশে 'সংগঠনের অভাব' বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে সুমনের কর্মে সমাজকর্মের সীমাবদ্ধতার প্রতিফলন কতটুকু? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে চিহ্নিত সমস্যা থাকা সত্ত্বেও বাংলাদেশে এ বিষয়ে সম্ভাবনার ক্ষেত্রগুলো বিশ্লেষণ করে তোমার মতামত দাও। ৪

https://teachingbd24.com

# সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: ২ ৭ ১

সময়- ৩০মিনিট বহুনির্বাচনি প্রশ্ন পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. ★ সনাতন সমাজকল্যাণের পরিশীলিত রূপ কোনটি?
ⓚ ঐতিহ্যগত ⓚ শিল্প সমাজকর্ম
ⓖ সমাজকর্ম ⓖ সমাজবিজ্ঞান

২. সমাজকর্ম পত্রিকা Charities Review কবে প্রকাশিত হয়?
ⓚ ১৯৯০ ⓚ ১৮৯১
ⓖ ১৮৯০ ⓖ ১৯৯১

৩. ★ Council on Social Work Education কত সালে গঠিত হয়?
ⓚ ১৯০১ ⓚ ১৯০৫
ⓖ ১৯৫০ ⓖ ১৯৫২

৪. Oliver Twist গ্রন্থটি কে রচনা করেন?
ⓚ উইলিয়াম শেক্সপিয়ার
ⓚ চার্লস ডিকেন্স
ⓖ টমাস মুর ⓖ এডউইন চেডউইক

৫. ওভারশিয়ারের মাধ্যমে কাদের সাহায্য করা হতো?
ⓚ সক্ষম দরিদ্রদের ⓚ অক্ষম দরিদ্রদের
ⓖ মধ্যবিত্তদের ⓖ নির্ভরশীল শিশুদের

৬. ★ কত সালে আমেরিকায় অর্থনীতিতে মন্দা দেখা দেয়?
ⓚ ১৮৭৩ ⓚ ১৮৭৭
ⓖ ১৮৮৯ ⓖ ১৯০০

৭. ★ লায়লা একটি প্রবন্ধ পড়েছিল। সেখানে অর্থনৈতিক পরিবর্তনের ধারাবাহিক ইতিহাস পড়ে জানতে পারে সমাজে, সমাজে একটি ঘটনা পুঁজিবাদের বিকাশ ঘটায়। নিম্নে কোনটি উক্তিটির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ?
ⓚ নবজাগরণ ⓚ ধর্মবিপ্লব
ⓖ শিল্প বিপ্লব ⓖ সমাজ কল্যাণের উদ্ভব

**নিচের অনুচ্ছেদ থেকে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
করিম মিয়া ভ্যান চালক। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গ্রামের এক হাট থেকে আরেক হাটে মালামাল নিয়ে যায়। এত কষ্ট করে সে তার ছেলেকে পড়াশোনা করিয়েছে। তার ছেলে এখন একটি সমাজসেবা প্রতিষ্ঠানে চাকরি করে।

৮. করিম মিয়ার কাজটি কী?
ⓚ পেশা ⓚ বৃত্তি
ⓖ সেবা ⓖ দান

৯. করিম মিয়ার কাজকে তার ছেলের দৃষ্টিতে যেভাবে নেয়া উচিত—
i. পারস্পরিক সহনশীলতা ও শ্রদ্ধাবোধ
ii. ব্যক্তি মর্যাদার স্বীকৃতি
iii. গ্রামের মর্যাদা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১০. ★ মাওলানা ইবাদত হোসেন তার অনুসারীদের ইসলাম ধর্মের 'কর্জে হাসানা' সম্পর্কে বিশদ ব্যাখ্যা করলেন। নিম্নে কোন বিষয়টির প্রতিফলিত পরিলক্ষিত হয়?
ⓚ যাকাত ⓚ সদকা
ⓖ ধর্মগোলা ⓖ বায়তুল মাল

১১. ব্যক্তি সমাজকে সুশৃঙ্খলভাবে নিয়ন্ত্রণের একটি অপরিহার্য উপাদান হিসেবে কোনটি বিবেচিত?
ⓚ পেশা ⓚ বৃত্তি
ⓖ মূল্যায়ন ⓖ পরিশ্রম

১২. সহমরণ বিষয়ে 'প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ' গ্রন্থটি কার লেখা?
ⓚ ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর
ⓚ রাজা রামমোহন রায়
ⓖ বেগম রোকেয়া
ⓖ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

১৩. সামাজিক বিজ্ঞানী কী নিয়ে আলোচনা করে?
ⓚ সমাজ সম্পর্কে বিভিন্ন দিক
ⓚ দারিদ্র্য বিমোচনের বিভিন্ন দিক
ⓖ মানব সম্পদ উন্নয়নের ক্ষেত্র
ⓖ মানব জীবনের বিভিন্ন দিক

১৪. সামাজিক কার্যাবলির মাধ্যমে উপলব্ধী করা যায়—
i. মানুষের আচরণ
ii. সামাজিক সম্পর্ক
iii. সামাজিক প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৫. ★ কোন বিষয়কে মানুষ ও প্রাণির মন ও আচরণের বিজ্ঞান বলা হয়?
ⓚ নৃ-বিজ্ঞান ⓚ মনোবিজ্ঞান
ⓖ পৌরনীতি ⓖ জীববিজ্ঞান

Teachingbd24.com

নিচের অনুচ্ছেদ থেকে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:

তৃষ্ণা একটি বিষয়ে পড়াশোনা করে যা নাগরিকদের আচরণ, কার্যবলি, আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রতিষ্ঠা নিয়ে আলোচনা করে।

১৬. তৃষ্ণার পঠিত বিষয়টি—
(ক) নৃ-বিজ্ঞান (খ) মনোবিজ্ঞান
(গ) পৌরনীতি (ঘ) সমাজবিজ্ঞান

১৭. উদ্দীপকের বিষয়টির সাথে সমাজকর্মের সাদৃশ্যপূর্ণ দিক হলো—
i. উভয়ই নাগরিকদের কল্যাণ সাধন করে
ii. সমাজ ও রাষ্ট্রের বৃহত্তর কল্যাণ সাধন করে
iii. রাষ্ট্রের উন্নয়নে কর্মসূচি প্রণায়ন করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৮. ★ সমাজকর্মের মৌলিক ও সহায়ক পদ্ধতি কোনটি?
(ক) ৩টি (খ) ৪টি
(গ) ৫টি (ঘ) ৬টি

১৯. সমাজকর্ম একটি বিজ্ঞানভিত্তিক পদ্ধতি। এটি কী প্রমাণ করে?
(ক) সমাজকর্মের সুনির্দিষ্ট পদ্ধতি রয়েছে
(খ) সমাজকর্মের প্রয়োগক্ষেত্র রয়েছে
(গ) সমাজকর্মের তাত্ত্বিক জ্ঞান রয়েছে
(ঘ) সমাজকর্মের বৈজ্ঞানিক জ্ঞান রয়েছে

২০. ★ দল সমাজকর্ম দলীয় সদস্যদের সাহায্য করে—
i. ব্যক্তিগত সমস্যা সমাধানে
ii. দলীয় সমস্যা সমাধানে
iii. সমষ্টিগত সমস্যা সমাধানে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২১. ব্যক্তি সমাজকর্মে একজন ব্যক্তির মক্কেল হওয়ার পূর্বশর্ত কী?
(ক) পেশাদার প্রতিনিধি হওয়া
(খ) চরম সাহসী হওয়া
(গ) প্রতিবন্ধী হওয়া
(ঘ) সমস্যাগ্রস্ত হওয়া

২২. গণজাগরণ মঞ্চ একটি বৃহৎ উদ্যোগ যা সমাজের মানুষকে অধিকার ও অন্যায়ের বিরুদ্ধে সচেতন ও সোচ্চার করার ঐক্যবদ্ধ কার্যক্রম। বিষয়টি সমাজকর্মের কোনটিকে নির্দেশ করে?
(ক) দল সমাজকর্ম
(খ) সমষ্টি সমাজকর্ম
(গ) সামাজিক কার্যক্রম
(ঘ) ব্যক্তি সমাজকর্ম

২৩. জনগণের কল্যাণের জন্য সরকারি কার্যাবলি গ্রহণ করে সেখানে সরকার কোন লক্ষ্য অর্জনের সুনির্দিষ্ট পন্থা ও সুপারিশমালা প্রদান করে। এতে কী বোঝায়?
(ক) সামাজিক প্রশাসন (খ) সামাজিক নীতি
(গ) সামাজিক পরিকল্পনা
(ঘ) অর্থনৈতিক পরিকল্পনা

২৪. ★ কার নেতৃত্বে বাংলাদেশে ১ম শিক্ষানীতি প্রণীত হয়?
(ক) ড. কুদরত-ই-খুদা
(খ) খুদাদাদ খান
(গ) মো. শামসুল হক
(ঘ) অধ্যাপক আবুল ফজল

২৫. সামাজিক নীতির উদ্দেশ্য হচ্ছে—
i. সকলের কল্যাণ সাধন
ii. দারিদ্র্য নিরসন
iii. গণতন্ত্র সংরক্ষণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৬. বাংলাদেশে এ পর্যন্ত কয়টি পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?
(ক) ৩টি (খ) ৪টি
(গ) ৫টি (ঘ) ৭টি

২৭. ★ সর্বপ্রথম কে সমাজকর্মে ও পেশাগত শিক্ষার প্রস্তাব করেন?
(ক) ম্যারি রিচমন্ড (খ) এনা এল ডয়েস
(গ) থমাস চালমার্স (ঘ) আর এ স্কিডমোর

২৮. ১৯৪৪ সালে আমেরিকাতে সমাজকর্ম শিক্ষার জন্য কয়টি মূল ক্ষেত্রকে চিহ্নিত করা হয়?
(ক) ৭টি (খ) ৮টি
(গ) ৯টি (ঘ) ১০টি

২৯. ★ ভারতে সমাজকর্মের মূল্য অনুপ্রেরণা হলো—
(ক) ধর্ম ও মানবতাবোধ
(খ) সামাজিক প্রতিষ্ঠা
(গ) সামাজিক দায়িত্ব (ঘ) পারিবারিক দায়িত্ব

৩০. ★ সমাজকর্ম ব্যক্তি, দল ও সমষ্টির সমস্যা সমাধানের লক্ষ্যে যে ধরনের ভূমিকা রাখে—
i. প্রতিকারমূলক
ii. প্রতিশোধমূলক
iii. উন্নয়নমূলক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com